# QR টিকিট

**ও QR মেম্বারশিপ কার্ড**

কি- কেন- কিভাবে

সচেতনতা বৃদ্ধির জন্য একটি প্রয়াস

যারা টিকিটের বিনিময়ে দর্শক বা শ্রোতাদের প্রবেশাধিকার দেন তাদের জন্য

ডঃ অজয় ঘোষ

Email: ticketline.in@gmail.com

Mobile/ Whatsapp: 8777286194

Website: https://ticketline.in

## আলচ্য বিষয় সুচি

**Chapter 1: QR টিকিট....................................................................................................4**

QR কোড কি?.....................................................................................................4

টিকিটের মধ্যে QR কোড গুরুত্ব পূর্ন কেন ?......................................................................5

QR টিকিট কি অনলাইন টিকিট নাকি অফলাইন?..........................................................5

QR টিকিট স্ক্যান করার জন্য কি প্রয়োজন?........................................................................5

স্মার্টফোন দিয়ে QR টিকিট স্ক্যান করার জন্য কি কোন বিশেষ অ্যাপ ইনস্টল করতে হবে?..................6

QR টিকিট কিনতে কি কোন অ্যাপ ইনস্টল করতে হবে?..........................................................7

নিজের প্রতিষ্ঠানে QR টিকিট চালু করা কি সময় সাপেক্ষ?..................................................7

কিউআর টিকিটের পদ্ধতিটি কি ব্যয় বহুল?..........................................................................7

কিউআর টিকিটের জন্য কোন হলোগ্রাম, জলছাপ, বিশেষ কাগজ বা বিশেষ প্রিন্টার কি প্রয়োজন?..8

কিউআর টিকিট যদি কেও ছবি তুলে নেয় বা জেরক্স করে নেয়, সেগুলি কি বৈধ টিকিট হিসাবে কাজ করবে?.....................................................................................................8

গেটে এই টিকিট পরীক্ষার জন্য কি সাধারন টিকিটের তুলনায় বেশি সময় প্রয়োজন?.......................... 9

একটি সংস্থায় একসঙ্গে কত জন QR টিকিট পরীক্ষা করতে পারে?........................................9

টিকিট পরীক্ষার জন্য কি বিশেষ প্রশিক্ষণ ( training) প্রয়োজন?.......................................10

এই টিকিট পদ্ধতি চালু করলে কি কোন নির্দিষ্ট সময় /দিনে সংশ্লিষ্ট স্থানে মোট কত জন প্রবেশ করেছে তার হিসেব পাওয়া সম্ভব?.........................................................................10

টিকিট নকল হওয়া থেকে কি রক্ষা পাওয়া সম্ভব?.......................................................... 10

QR টিকিটের ফটোকপি নিয়ে কেও প্রবেশের চেষ্টা করলে কি হবে?..................................11

QR টিকিট কি আদৌ কোথাও ব্যবহার করা হচ্ছে বা ভবিষ্যতে ব্যবহার করা হবে ?............................... 12

ভারতবর্ষে কি কিউআর টিকিট ব্যাবহার করা হয়?................................................................ 12

কম খরচে কি ভাবে কিউআর টিকিট শুরু করবেন?..............................................................13

**Chapter 2: অফলাইন QR টিকিট কিভাবে চালু করবেন?..........................................................14**

বানিয়ে নেওয়া ... 14
খুঁজে নেওয়া ... 15
**Chapter 3: QR Ticket-এর জন্য কেন টিকিট লাইন (ticketline.in) ব্যাবহার করবেন? ... 16**
কোন কোন বিষয় বিবেচনা করা দরকার? ... 16
টিকিট লাইনের কিছু নীতি ও ব্যাবহারিক দিক ... 17
ব্যাপ্তি ... 17
ব্যাবহারিক সুবিধা ... 17
সহজবোধ্যতা ... 18
নমনীয়তা ... 19
নিরাপত্তা ... 20
নিশ্চয়তা ... 20
নিয়ন্ত্রণ ... 21
দ্রুততা ... 21
সহজলভ্যতা ... 22
সহায়তা ... 23
**Chapter 4: টিকিট লাইন (https://ticketline.in) এর ব্যাবহার বিধি (User Guide) ... 24**
1. Account Registration & Login: ... 24
2. TIcket Registration: ... 25
3. Approval of Ticket: ... 26
4. Generation Print and selling of Offline Tickets : ... 26
5. Selling of Online Tickets: ... 28
6. Membership Portal ... 29
7. Scanning of the tickets ... 29


# Chapter 1: QR টিকিট

কখনও কখনও আপনি খেয়াল করে থাকতে পারেন যে আপনি কোন একটি টিকিট কেটেছেন, সেই টিকিটের উপর কোন একটি চারকোনা জায়গায় কতগুলি সাদাকালো খোপ যুক্ত একটি কিউ আর কোড আছে। আবার গেটে ঢোকার সময় এটি কেও মোবাইল দিয়ে স্ক্যান করে ঢুকতে দিচ্ছে বা একটি যন্ত্রের সামনে এটি ধরলে গেটটি খুলে যাচ্ছে। আসলে এই টিকিট গুলিতে এমন কিছু তথ্য কিউ আর কোডের মধ্যে দেওয়া থাকে যার ফলে যান্ত্রিক ভাবে টিকিট গুলি পরীক্ষা করা সম্ভব হয়।










যখন একটি টিকিটে একটি QR কোড থাকে, যার মাধ্যমে টিকিটটি পরীক্ষা ও মূল্যায়ন সম্ভব হয়, তখন এটিকে QR টিকিট বলা যেতে পারে। এখানে কিছু নমুনা দেওয়া হল।

## QR কোড কি?

QR কোডের পুরো কথাটি হল কুইক রেসপন্স কোড। এটি একটি মেশিন-পঠনযোগ্য কোড যা কতগুলি কালো এবং সাদা বর্গ ক্ষেত্রের সারি নিয়ে গঠিত। সাধারণত স্মার্টফোনে ক্যামেরা দ্বারা পড়ার জন্য URL বা অন্যান্য তথ্য সংরক্ষণের জন্য এগুলি ব্যবহৃত হয়।

## টিকিটের মধ্যে QR কোড গুরুত্ব পূর্ন কেন ?

টিকিটে বিশেষ ভাবে তৈরি একটি QR কোড যোগ করা হলে স্মার্ট ফোন বা বিশেষ স্ক্যানারের সাহায্যে খুব দ্রুত টিকিট গুলি পরীক্ষা করা সম্ভব হয়। ফলে অংশগ্রহণকারী / আগন্তকদের চেক-ইন অনেক দ্রুত এবং মসৃণ করা সম্ভব। যেহেতু কোডটিতে যে তথ্য রয়েছে তা ইতিমধ্যেই উপস্থিত ডাটাবেসের তথ্যের সাথে মিলিয়ে দেখা হয়, ফলে নকল টিকিট নিয়ে কারও ঢোকার সম্ভাবনাও থাকে না।




## QR টিকিট কি অনলাইন টিকিট নাকি অফলাইন?




QR টিকিট এর সাথে যেহেতু ওয়েবসাইটের সরাসরি যোগ আছে সুতরাং QR টিকিট তৈরি করতে ইন্টারনেট সংযোগ অবশ্যই প্রয়োজন। তবে অনুষ্ঠানের উদ্যোক্তা বা কতৃপক্ষ এই টিকিট প্রিন্ট করে অফলাইনেও বিক্রি করতে পারেন।

তবে টিকিট যাচাই (আসল/ নকল; ব্যাবহৃত/ অব্যাবহৃত ইত্যাদি) ও ব্যাবহৃত টিকিট চিহ্নিত করন ইত্যাদি কাজ অনলাইনেই করতে হবে।

## QR টিকিট স্ক্যান করার জন্য কি প্রয়োজন?

একটি স্মার্ট ফোনের সাহাজ্যেই কিউআর টিকিট স্ক্যান করা সম্ভব। তবে বড় প্রতিষ্ঠানে









স্বয়ংক্রিয় ভাবে প্রবেশদ্বার খোলার জন্য বিশেষ ভাবে তৈরি যন্ত্র ব্যাবহার করা হয়। স্ক্যান করার সময় ইন্টারনেট সংযোগ চালু থাকতে হবে।

## স্মার্টফোন দিয়ে QR টিকিট স্ক্যান করার জন্য কি কোন বিশেষ অ্যাপ ইনস্টল করতে হবে?



না, এটি প্রয়োজনীয় নয়, একটি QR টিকিট স্ক্যান করতে আপনাকে আপনার ফোনে একটি পৃথক/বিশেষ অ্যাপ ইনস্টল করতে হবে। আপনি যদি কোনও কোম্পানি থেকে QR টিকিট পরিষেবা নেন, পোর্টালে লগ ইন করে, আপনি একটি অনলাইন স্ক্যানার খুঁজে পেতে পারেন যা টিকিট স্ক্যান করতে ব্যবহার করা যেতে পারে। যে সংস্থাগুলি QR টিকেট সরবরাহ করে তারা সাধারণত এই জাতীয় স্ক্যানার সরবরাহ করে।

কিন্তু টিকিট স্ক্যান করতে প্রতিবার লগ ইন করা সময়সাপেক্ষ এবং বিরক্তিকর হতে পারে। আরেকটি বিষয়, এটি একটি নিরাপত্তা সমস্যা হতে পারে কারণ অ্যাডমিন সবসময় টিকিট পরীক্ষা করতে পারে না। তিনি এই কাজের জন্য অন্য ব্যক্তিকে নিয়োগ করতে পারেন। তাই পোর্টালে লগইন করলে সেই ব্যক্তির কাছে অন্যান্য বিবরণও খুলে যেতে পারে, এটা সবসময় কাম্য নয়। এই কাজের জন্য ডিজাইন করা একটি ছোট অ্যাপ্লিকেশন বা একটি বিশেষ ওয়েব পৃষ্ঠার একটি বিশেষভাবে ডিজাইন করা শর্টকাট কাজটিকে আরও সহজ করে তুলতে পারে।

## QR টিকিট কিনতে কি কোন অ্যাপ ইনস্টল করতে হবে?




কিছু ক্ষেত্রে, QR টিকেট কেনার জন্য ফোনে একটি অ্যাপ ইনস্টল করতে হতে পারে যেমন মেট্রো রেল। এই অ্যাপটির সাহায্যে সহজেই চলার পথে টিকিট কাটা সম্ভব হয়।

কিন্তু অ্যাপ্লিকেশন ইনস্টলেশন প্রয়োজন সবসময় নাও হতে পারে যেমন আপনি যদি একটি সিনেমা হল বা একটি অনুষ্ঠানের একটি QR টিকিট কিনতে চান; আপনি একটি ওয়েব লিঙ্ক ব্যবহার করতে পারেন। আয়োজকরা ওয়েবসাইট, সোশ্যাল মিডিয়া, এসএমএস, ইমেল বা QR কোড ইত্যাদির মাধ্যমে লিঙ্কটি শেয়ার করতে পারে।

## নিজের প্রতিষ্ঠানে QR টিকিট চালু করা কি সময় সাপেক্ষ?



নিজের ব্যাবহারের জন্য যদি কেও এই সিস্টেম নিজেই পুরোপুরি তৈরি করতে চাইলে তা অবশ্যই সময় সাপেক্ষ হবে। তবে এই ধরনের পরিষেবা দেয় এমন কোন প্রতিষ্ঠানের কাছ থেকে পরিষেবা নিলে খুব তারাতারি এই পদ্ধতি চালু করা সম্ভব।

## কিউআর টিকিটের পদ্ধতিটি কি ব্যয় বহুল?



নিজের সংস্থার জন্য QR টিকিটের পুরো সিস্টেম নিজে কেও তৈরি করতে চাইলে তা যেমন সময় সাপেক্ষ, তেমনই খরচ সাপেক্ষও।

কম সময়ে কম খরছে এই পদ্ধতি চালু করার জন্য এই ধরনের পরিষেবা দেয় এমন কোন সংস্থার

কাছ থেকে পরিষেবা নেওয়া ভাল। এটি চালু রাখার জন্য কিছু খরচ অবশ্যই আছে কিন্তু তাকে ব্যয় বহুল বলা যায় না। কিছু ক্ষেত্রে প্রচলিত পদ্ধতির চাইতে কম খরচেও এটি সম্ভব হতে পারে।

## কিউআর টিকিটের জন্য কোন হলোগ্রাম, জলছাপ, বিশেষ কাগজ বা বিশেষ প্রিন্টার কি প্রয়োজন?


না , QR টিকিটের সমস্ত প্রয়োজনীয় তথ্য qr কোডের মধ্যেই সঞ্চিত থাকে এবং টিকিট পরীক্ষার সময় ডেটাবেসের তথ্যের সাথে তা মিলিয়ে দেখা হয়। সুতরাং এক্ষেত্রে হলোগ্রাম, জলছাপ বা বিশেষ কাগজের প্রয়োজন হয়না। সাধারণ কাগজে যেকোন ভাল প্রিন্টার দিয়ে টিকিটের প্রিন্ট আউট নেওয়া যায়।

## কিউআর টিকিট যদি কেও ছবি তুলে নেয় বা জেরক্স করে নেয়, সেগুলি কি বৈধ টিকিট হিসাবে কাজ করবে?



প্রযুক্তিগত দিক থেকে একটি প্রিন্ট করা qr টিকিট, তার জেরক্স বা ছবির মধ্যে কোনো তফাত নেই, যদি qr কোডটি অবিকৃত থাকে। তবে কতৃপক্ষ সিদ্ধান্ত নিতেই পারেন যে তারা টিকিটের ছবিকে স্কানের জন্য অনুমোদন দেবেন কি না। কারণ প্রকৃত গ্রাহকের অজান্তেই কেও তার টিকিটের ছবি তুলে নিতে পারে। সেক্ষেত্রে প্রকৃত গ্রাহক বঞ্চিত হতে পারেন।

## গেটে এই টিকিট পরীক্ষার জন্য কি সাধারন টিকিটের তুলনায় বেশি সময় প্রয়োজন?




স্মার্ট ফোন টিকিট স্ক্যানার চালু থাকা অবস্থায় একটি টিকিট স্ক্যান করতে প্রায় 1 সেকেন্ড বা তারও কম সময় লাগে। এই সময়ের মধ্যেই পরীক্ষা করা হয় টিকিটটি আসল নাকি নকল, পরীক্ষা কালীন সময়ে এর বৈধতা আছে কি না, ইতিমধ্যে এটি কেও ব্যবহার করেছে কি না, ব্যবহার করে থাকলে কখন/ কত সময় আগে করেছে, টিকিটটি তে কত জনের প্রবেশাধিকার আছে ইত্যাদি।

শুধু তাই নয়, যে টিকিটটি ব্যবহার করা হল তার তথ্যও ডেটাবেস এ লিপিবদ্ধ হয়ে যাবে একই সঙ্গে। ফলে সামগ্রিক ভাবে এতে সময় কমই লাগে।

তবে কয়েকটি বিষয় খেয়াল রাখা দরকার , যেমন স্মার্ট ফোন ও ইন্টারনেট সংযোগ, যেগুলি এক্ষেত্রে ব্যবহার করা হবে সেগুলি অন্তত পক্ষে মাঝারি ক্ষমতা সম্পন্ন হওয়া প্রয়োজন।

## একটি সংস্থায় একসঙ্গে কত জন QR টিকিট পরীক্ষা করতে পারে?




কোনো একটি সংস্থার হয়ে একসঙ্গে এক বা একাধিক জন , এক বা একাধিক গেটে টিকিট পরীক্ষার কাজটি করতে পারে।

## টিকিট পরীক্ষার জন্য কি বিশেষ প্রশিক্ষণ ( training) প্রয়োজন?



যেকোন কাজ, সেটি যতই সহজ হোক বা কঠিন, কাজটি করতে হলেতো জানতেই হবে কিভাবে করতে হয়। স্মার্ট ফোনের সাহায্যে QR টিকিটের পরীক্ষা এতটাই সহজ যে ২-৩ মিনিটের ট্রেনিং ই যথেষ্ট।

## এই টিকিট পদ্ধতি চালু করলে কি কোন নির্দিষ্ট সময় /দিনে সংশ্লিষ্ট স্থানে মোট কত জন প্রবেশ করেছে তার হিসেব পাওয়া সম্ভব?



QR টিকিট নিয়ে যারা সংশ্লিষ্ট স্থানে প্রবেশ করছে তাদের হিসেব প্রতি মুহূর্তে ডেটাবেস এ আপডেট হয়ে যায়। সুতরাং টিকিটের পোর্টাল থাকে যেকোন মুহূর্তে আগন্তুকের সংখ্যা পাওয়া সম্ভব। তবে কিছু সীমাবদ্ধতা আছে। যেমন একাধিক ব্যক্তির জন্য অনুমোদিত টিকিট নিয়ে, কম সংখ্যক ব্যক্তি প্রবেশ করলে সঠিক হিসেব পাওয়া সম্ভব নয়।

আবার সংশ্লিষ্ট স্থানে প্রবেশের পর যারা বেরিয়ে গেছে তাদের হিসেবও সাধারণত রাখা হয়না।

## টিকিট নকল হওয়া থেকে কি রক্ষা পাওয়া সম্ভব?




চিরাচরিত টিকিট যা কাগজের উপর প্রিন্ট করে বিক্রি করা হয়, সেগুলি যাতে নকল না হয় তার জন্য আমরা যেসব ব্যবস্থা গ্রহণ করতে পারি সেগুলি হল: বিশেষ কাগজে প্রিন্ট করা, সংস্থার স্ট্যাম্প ব্যবহার করা, তারিখ স্ট্যাম্প ব্যবহার, টিকিটে ক্রমিক নম্বর যোগ করা ইত্যাদি।

কিন্ত লক্ষনীয় বিষয় হল এগুলি কোনোটিই এমন কোন বিষয়/বস্ত/তথ্য নয় যা দুনিয়াতে মাত্র এক জনের কাছেই পাওয়া যায়। যে কেও একটু চেষ্টা করলে এই সমস্ত জিনিস বাজার থেকে সংগ্রহ করতে পারে বা বানিয়ে নিতে পারে । এখন তো স্ট্যাম্পের ছাপ দিয়েই সেই স্ট্যাম্প বানিয়ে ফেলা যায় আধ ঘন্টার মধ্যেই। আর খরচ? ৩০-৪০ টাকা মাত্র। রঙিন জেরক্স করা যায় মাত্র ১০ টাকায়। তাতে আসল – নকল এর তফাত বোঝা দায়! সুতরাং সাধারণ টিকিট নকল করাটা আজকের দুনিয়াতে শুধু চেষ্টার অপেক্ষা। আর আসল নকলের মধ্যে যদি কিছু অসঙ্গতি থাকে তা গেটে উপস্থিত নিরাপত্তা রক্ষীদের চোখ এড়িয়ে যাওয়া অস্বাভাবিক নয়, বিশেষত ভিড়ের মধ্যে।

কিন্ত QR টিকিটের ক্ষেত্রে সমস্ত টিকিট তৈরি করা হয় একটি নির্দিষ্ট সংস্থার নির্দিষ্ট ওয়েবসাইটের মাধ্যমে। তৈরি/বিক্রি হওয়া সমস্ত টিকিটের তথ্য সেই ওয়েবসাইটে সঞ্চিত থাকে। প্রতিটি টিকিটে এমনকিছু ইউনিক তথ্য সঞ্চিত থাকে যা অনুমান করা অন্য কারো পক্ষে কার্যত অসম্ভব। টিকিট পরীক্ষার সময় এই সমস্ত তথ্য গুলি কাজে লাগানো হয় ও দেখা হয় টিকিটটি আসল কি না। যেহেতু প্রতিটি টিকিটের ক্ষেত্রে এই তথ্য আলাদা এবং অনুমান অযোগ্য হয় তাই একটি টিকিট দেখে একই ধরনের টিকিট একাধিক টিকিট তৈরি করা সম্ভব নয়।

## QR টিকিটের ফটোকপি নিয়ে কেও প্রবেশের চেষ্টা করলে কি হবে?



যেহেতু qr কোডের সমস্ত তথ্য সেটির ফটোকপির মধ্যেও অবিকৃত থাকে, সুতরাং QR টিকিট স্ক্যানারে এটিও আসল টিকিট হিসাবেই গণ্য হবে। আসল টিকিটধারি ব্যক্তি আগেই প্রবেশ করে থাকলে, এই ব্যক্তিকে আটকানো হবে। এই ব্যক্তি প্রথমেই প্রবেশ করলে আসল টিকিটধারি ব্যক্তি প্রবেশাধিকার থেকে বঞ্চিত হবেন।

সুতরাং QR টিকিট যারা বিক্রি করছেন এবং যারা কিনছেন প্রত্যেকেরই দ্বায়িত্ব টিকিটগুলি যাতে সযত্নে রক্ষিত হয়, সেদিকে খেয়াল রাখা। টিকিটের ছবি/ ফটোকপি/ অন্য কোন সফট কপি যাতে অন্য কেও না পায় বা কারও কাছে থেকে না যায় তা নিশ্চিত হওয়া প্রয়োজন।

## QR টিকিট কি আদৌ কোথাও ব্যবহার করা হচ্ছে বা ভবিষ্যতে ব্যবহার করা হবে ?




ইতিমধ্যে বহু দেশে QR টিকিট বেশ জনপ্রিয় হয়ে উঠছে। মেট্রো রেল, সাধারণ রেল, সিনেমা হল, অনুষ্ঠান প্রাঙ্গণ ইত্যাদি নানা ক্ষেত্রে QR টিকিট ব্যবহার করা হচ্ছে।

আমেরিকা যুক্তরাষ্ট্রের একটি সংস্থা “যুনিপার রিসার্চ” প্রযুক্তি ক্ষেত্রে বিভিন্ন বিষয়ে সারা পৃথিবীব্যাপী গবেষণা করে। 1919 সালে প্রকাশিত তাদের একটি গবেষণায় দেখা যাচ্ছে ২০২৩ সাল নাগাদ ৪৬৮ মিলিয়ন ব্যবহারকারী এধরনের টিকিট ব্যবহার করবেন। (সূত্র: https://www.juniperresearch.com/press/contactless-ticketing-users-reach-468-million-2023)

## ভারতবর্ষে কি কিউআর টিকিট ব্যাবহার করা হয়?

ভারতে ইতিমধ্যে এই ধরনের টিকিট এর ব্যবহার শুরু হয়ে গেছে। উদাহরণ স্বরূপ দিল্লি মেট্রো ৩০/০৬/২০২৩ তারিখে ‘DMRC Travel ‘ অ্যাপ চালু করেছে QR টিকিট কাটার জন্য। কলকাতা মেট্রোর গ্রিন লাইন করিডোরে QR টিকিট চালু হয়েছে ০৩/১২/২০২১ তারিখে। কল্যানী বইমেলা ২০২১ সালে অনলাইন QR টিকিট চালু করেছে।

## কম খরচে কি ভাবে কিউআর টিকিট শুরু করবেন?




আপনি যদি কম খরচে আপনার সংস্থায় কিউআর টিকিট চালু করতে চান, আপনার উচিত এরকম পরিষেবা দেয় এমন কোন সংস্থার কাছ থেকে পরিষেবা টি নেওয়া। টিকিট জেনারেটর, বুক মায় শো ইত্যাদি সংস্থা এরকম পরিষেবা দিয়ে থাকে। কম খরচে উন্নত মানের QR টিকিট পাওয়া যেতে পারে টিকিট লাইন থেকেও (https://ticketline.in/). এব্যাপারে আরো বিস্তারিত জানতে দেখুন পরবর্তী অনুচ্ছেদে।

# Chapter 2: অফলাইন QR টিকিট কিভাবে চালু করবেন?




অফলাইন টিকিটে QR কোড কেন প্রয়োজন তা আমি ইতিমধ্যেই আলোচনা করেছি । আপনি যদি এমন কোন প্রতিষ্ঠানে যুক্ত থাকেন, যেখানে টিকিটের বিনিময়ে দর্শক বা শ্রোতাদের প্রবেশ করতে দেওয়া হয়। আপনার প্রতিষ্ঠানের অফলাইন/অনলাইন টিকিটে QR কোড চালু করতে চান নিচের পদ্ধতি অনুসরন করতে পারেন।

## বানিয়ে নেওয়া

কোন একটি সফটওয়্যার কম্পানির সাথে যোগাযোগ করে তাদেরকে আপনি আপনার প্রয়োজন জানান। তারা আপনার প্রয়োজন অনুযায়ী সফটওয়্যার তৈরি করে দেবে। আপনি ব্যাবহার করে দেখুন, কোন সংশোধনী বা আরও উন্নত করার প্রয়োজন থাকলে তাদেরকে বলে করে নিন। সবকিছু সন্তোষ জনক হলে ব্যাবহার করতে থাকুন।

এতে সুবিধা হচ্ছে যে আপনি আপনার মত করে সফটওয়্যার তৈরি করে নিতে পারবেন। কিন্ত এটি বেশ সময় সাপেক্ষ এবং খরচ সাপেক্ষ। এগুলি যিনি তৈরি করছেন / করাচ্ছেন তিনিই প্রথম ব্যবহার করছেন ফলে রিভিউ এর পরিমাণ কম হয়। এতে প্রোগ্রামিং-এ কিছু ভুল থাকলে, সেটি ধরা পরা ও সংশোধনের সম্ভাবনাও কম থাকে।

## খুঁজে নেওয়া

অপর একটি উপায় হচ্ছে খুঁজে নেওয়া। আপনার যে ধরনের পরিষেবা প্রয়োজন সেটি কেও দিচ্ছে কি না তা খুঁজে দেখা এবং সম্ভব হলে তাদের কাছ থেকে পরিষেবা নেওয়া। এতে সুবিধা হচ্ছে সময় কম লাগে, খরচ ও কম। তাদের পরিষেবা ভাল না লাগলে বা সেটি বাদ দিতে হলে আর্থিক ক্ষতিও হয় কম।

আজ এখানে দ্বিতীয় উপায়টি নিয়ে আলোচনা করব। QR টিকিট তৈরি ও পরীক্ষার সুযোগ দেয় এমন কয়েকটি প্রতিষ্ঠান হল: Faveo, Sarcon, Webnus, Ticket Tailor, Showpass, Purpelpass Ticketing, Thunder Tix , Event Brite ইত্যাদি। ইন্টারনেট সার্চ করলে এরকম আরও কোম্পানি পাওয়া যাবে। কিন্ত এগুলো প্রায় সবই বিভিন্ন বিদেশি কোম্পানি। ভারতে এরকম পরিষেবা দেয় এমন একটি প্রতিষ্ঠান “টিকিট লাইন “(https://ticketline.in)। প্রত্যেকের নিজস্ব কিছু বৈশিষ্ট্য আছে। ব্যবহারিক সুবিধা, অসুবিধা, খরচ, পলিসি প্রত্যেকের আলাদা। সুতরাং ব্যবহার করার আগে নিজে ভাল করে দেখে, বুঝে নেওয়া দরকার।

তবে আপনি যদি আপনার প্রতিষ্ঠানের QR টিকিট চালু করতে চান, আমি পরামর্শ দেব অন্তত একবার টিকিট লাইন (https://ticketline.in) ব্যাবহার করে দেখুন। কারন? দেখুন পরবর্তি অনুচ্ছেদ।

# Chapter 3: QR Ticket-এর জন্য কেন টিকিট লাইন (ticketline.in) ব্যাবহার করবেন?

অফলাইন টিকিটে QR কোড কেন প্রয়োজন এবং কিউআর টিকিট কিভাবে চালু করবেন তা আপনারা ইতিমধ্যে জেনেছেন।  এখন আলোচনা করব কিউআর টিকিট (অফলাইন/অনলাইন)চালু করার জন্য কেন টিকিট লাইন (https://ticketline.in)-কে বেছে নেবেন?

## কোন কোন বিষয় বিবেচনা করা দরকার?

কোনো সংস্থা বেছে নেবার আগে বেশ কিছু বিষয়ে খেয়াল করা দরকার। আমরা আগেই জেনেছি বিভিন্ন সংস্থা বিভিন্ন রকম সুবিধা দিয়ে থাকে, তাদের নীতি (different policies e.g.  Privacy policy, Pricing policy, Refund policy etc.)-ও সাধারণত আলাদা। সুতরাং কোন সংস্থার পরিষেবা নেবার জন্য সেখানে আকাউন্ট (account) খোলা বা তাদের সাথে চুক্তি বদ্ধ  হওয়ার আগে তাদের নীতি গুলো ভালভাবে জেনে নেওয়া প্রয়োজন।  জেনে নেওয়া প্রয়োজন তাদের নীতি গুলি আমাদের জন্য কতটা সহায়ক। তাদের পরিষেবা আমাদের কতটা কাজে লাগবে। পরিষেবা ব্যাবহার করা কতটা সহজ; কোন প্রয়োজন হলে সহায়তা কিভাবে পাওয়া যাবে; কোন ভাষাতে পাওয়া যাবে।  ফোনে কোন সহায়তা পাওয়া যাবে কিনা, গেলেও আমাদের দকারের সময় ফোন করা যাবে কিনা। পরিষেবা নেওয়ার

জন্য প্রাথমিক খরচ ও পরিষেবা চালু রাখার খরচ কতটা।  পরিষেবা নেওয়া বন্ধ করলে কোন ক্ষতির সম্ভাবনা আছে কি না, থাকলে কতটা। ইত্যাদি...

## টিকিট লাইনের কিছু নীতি ও ব্যাবহারিক দিক

টিকিট লাইন (https://ticketline.in)-যে সমস্ত নীতি অনুসরণ করে এবং যেভাবে কাজ করে সেগুলি বিশ্লেশন করে কিছু  ব্যাবহারিক দিক এখানে সংক্ষেপে আলোচনা করা হল। নীতি গুলির পরিমার্জিত সংস্করণ বিস্তারিত জানতে হলে দেখুন https://ticketline.in/rules/ .

### ব্যাপ্তি

**Offline ticket, Online ticket and Membership card under One Umbrella**:  এখানে একই পোর্টাল এর মাধ্যমে অফলাইন টিকিট, অনলাইন টিকিট ও মেম্বারশিপ কার্ড তৈরি ও ব্যাবহার করা সম্ভব।

**Daily ticket & Season ticket**: টিকিট লাইনের মাধ্যমে Daily ticket  ও Season ticket দুধরণের টিকিট ই তৈরি ও বিক্রি করা সম্ভব।

### ব্যাবহারিক সুবিধা

**Operate from Anywhere Any time**: যেকোনো সময় টিকিট লাইনের আকাউন্ট ইন্টারনেট যুক্ত কম্পুটার, মোবাইল বা ট্যাব এর মাধ্যমে পরিচালনা করা যায়।

**User Friendly to Print and Buy:** অফলাইন টিকিটের ক্ষেত্রে যেমন এক বা একাধিক ব্যাক্তির জন্য এক বা একাধিক টিকিট প্রিন্ট করা যায় তেমনই অনলাইন টিকিটও পছন্দ মত পেমেন্ট অপশন ব্যাবহার করে এক বা একাধিক ব্যাক্তির জন্য কেনা যায়।

**Dedicated App Like Behavior of the TIcket Scanner without Installing A Real App**: স্মার্ট ফোনের সাহায্যে টিকিট স্ক্যান করার জন্য ফোনে বিশেষ কোন আপ্লিকেশন (App.) ইন্সটল করতে হয়না। তার বদলে, যারা টিকিট স্কানের কাজ করবেন তাদের ফোনে ইন্টারনেট ব্রাউসার এর একটি লিঙ্ক (shortcut) ফোনের হোম স্ক্রিনে যোগ করা হয়। এতে ফোনের মেমোরি ব্যাবহার হয়না কিন্ত অ্যাপ এর মতই এতে ট্যাপ করা মাত্রই স্ক্যানার অন হয়ে যায়।

**Same Scanner for All Ticket Types and Membership Cards**: একই স্ক্যানার এর সাহায্যে টিকিট লাইন এর মাধ্যমে তৈরি করা যেকোনো ধরনের টিকিট ও মেম্বারশিপ কার্ড স্ক্যান করা যায়।

## সহজবোধ্যতা

**ID, Serial & Other Information on Every ticket Generated**: টিকিট লাইনের মাধ্যমে তৈরি করা প্রতিটি টিকিট এ ID, Serial ও অন্য সমস্ত প্রয়োজনীয় তথ্য প্রিন্ট করা থাকে। ID ও Serial এর মাধ্যমে সহজেই বোঝা যায় টিকিট টি কোন ধরনের (বা কোন সিরিজের) এবং কত নম্বরের। অন্যান্য প্রয়োজনীয় তথ্য (যেমন প্রতিষ্ঠানের নাম, টিকিটের ধরন,

বৈধতা সীমা, কত জনের টিকিট ইত্যাদি)ও টিকিটএর উপর ইংরেজি ভাষায় প্রিন্ট করা থাকে ফলে সহজেই বোঝা যায়।

## নমনীয়তা

**Preview and Demo of Tickets**: প্রকৃত টিকিট বিক্রি বা প্রিন্ট করার আগেই জেনে নেওয়া সম্ভব টিকিট গুলি দেখতে কেমন হবে এবং এটি কিভাবে কাজ করবে।

**Ticket Background**: সংশ্লিষ্ট সংস্থা নিজেদের প্রয়োজন মত ছবি টিকিটে যোগ করতে পারে, এতে টিকিটগুলি আরও আকর্ষণীও হয়।

**Date of Validity start:** কোন একটি টিকিট কবে থেকে কার্জকর হবে তা আগে থেকে ঠিক করে রাখা যায়, বা যেদিন টিকিট কেনা (অনলাইন টিকিটের ক্ষেত্রে) বা তৈরি করা (generate; অফলাইন টিকিটের ক্ষেত্রে) হচ্ছে সেদিন থেকেও কার্জকর করা যায়।

**Date of Validity end:** কোন একটি টিকিট কতদিন অবধি কার্জকর থাকবে তা আগে থেকে ঠিক করে রাখা যায়, বা যেদিন টিকিট কেনা (অনলাইন টিকিটের ক্ষেত্রে) বা তৈরি করা (generate; অফলাইন টিকিটের ক্ষেত্রে) হচ্ছে সেদিন থেকে ৬০ দিন পর্জন্ত কার্জকর রাখা যায়।

**Ticket link**: প্রতিটি অনলাইন টিকিট টাইপ / সিরিজের জন্য আলাদা লিঙ্ক তৈরি হয়, যা সহজেই কপি করা যায় ও শেয়ার (in digital and print media; directly or as a QR code) করা যায়। এতে টিকিটের প্রচার করা সহজ হয়।

**Sell from Portal**: টিকিট লাইন পোর্টাল থেকেও যে কেও এখানে চালু যেকোনো টিকিট খুজে পেতে পারে ও কিনতে পারে।

**Easy Recharge with Lifetime Validity**: অফলাইন টিকিট তৈরির (generate) জন্য বিভিন্ন পরিমান টাকা দিয়ে যে কোন সময় অনলাইনে আকাউন্ট রিচার্জ করা যায়। রিচার্জে প্রাপ্ত সুবিধা যেকোনো দিন ব্যাবহার করা যায়।

## নিরাপত্তা

**Verified Tickets:** টিকিট বিক্রির পর যাতে কোন অসুবিধা না হয় তার জন্য বিক্রির আগেই প্রতিটি টিকিট ভেরিফাই করা হয়।

**A Random code on Every ticket Generated**: প্রতিটি টিকিটের কিউআর কোডে একটি system generated random code যুক্ত করা থাকে। এটি টিকিট পরীক্ষার কাজে ব্যাবহার করা হয়। টিকিট নকল হওয়া থেকে রক্ষা পেতে এটি সাহাজ্য করে।

**Password Protected Ticket Scan But no need to Enter it** : টিকিট স্ক্যানারটি পাসওয়ার্ড দ্বারা সুরক্ষিত। পাসওয়ার্ড টি উক্ত লিঙ্কের সঙ্গেই থাকে, ফলে টিকিট স্কানের সময় বারবার পাস ওয়ার্ড পুট করার প্রয়োজন হয় না।

## নিশ্চয়তা

**Email Notification to the Buyer**: যারা অনলাইনে টিকিট কিনছেন বা মেম্বারশিপ এর জন্য ফিস পেমেন্ট করছেন, পেমেন্ট সফল হলে তারা প্রত্যেকে ইমেলে নোটিফিকেশন

পাবেন। পেমেন্ট হবার পর যদি ইন্টারনেট কানেকশন বিচ্ছিন্ন হয়েও যায় তবুও ইমেল থেকে টিকিট বা পেমেন্টের রশিদ পাওয়া যাবে।

**Refund on Demand Any Time:** কোন পরিষেবা নেওয়ার জন্য টিকিট লাইন কে টাকা দেওয়ার পর, সেই পরিষেবা ব্যাবহার না করলে যে কোন সময় টাকা ফেরত এর জন্য আবেদন করা যেতে পারে।

## নিয়ন্ত্রণ

**Add, Pause, Resume Ticket anytime**: যেকোনো সময় নতুন ধরনের টিকিট চালু করা, চালু টিকিট সাময়িক বন্ধ রাখা বা পুনরায় চালু করা যায়।

**Full Control of Ticket Scanner to Admin**: প্রতিবার টিকিট স্কানের সময়, স্ক্যানার এর পাস ওয়ার্ড পরীক্ষা করা হয়, আবার যেকোনো সময় এডমিন এই পাসওয়ার্ড পরিবর্তন করতে পারেন। ফলে কারও ফোনে যুক্ত করা স্ক্যানারটি কতক্ষণ কাজ করবে তা সর্বদা এডমিনের নিয়ন্ত্রণে থাকে।

## দ্রুততা

**Adopt Any time:** এখানে পুরো সিস্টেম এমনভাবে তৈরী করা আছে যে আপনি আপনি যেকোনো সময় আপনার প্রতিষ্ঠানে কিউআর টিকিট চালু করতে পারেন।

**Ticket for Multiple person**: একাধিক ব্যাক্তি একসঙ্গে টিকিট কিনতে পারে। এতে টিকিট পরীক্ষার সময় আরও কম লাগে।

**With Single Click Generate up to 100 tickets:** মাউসের একটি ক্লিকেই একশটি পর্জন্ত টিকিট তৈরি করা যায়। আলাদা ভাবে কখনই সিরিয়াল নম্বর বা অন্য কোন তথ্য দেওয়ার প্রয়োজন হয় না।

**Price of the ticket:** টিকিটে অনুমোদিত ব্যাক্তির সংখ্যা (যেমন ১জন, ২ জন, ...) পরিবর্তনের সাথে সাথে টিকিটের মুল্য আপনাআপনি পরিবর্তিত হয়ে যায়।

**Easy Hassle free Payout**: অনলাইনে টিকিট বিক্রির টাকা , টিকিট ব্যাবহার হবার এক সপ্তাহের মধ্যে সংস্থার আকাউন্টে আপনা আপনি জমা পরে।

## সহজলভ্যতা

**Free Account:** টিকিট লাইন পোর্টালে আকাউন্ট খোলার জন্য কোন টাকা-পয়সা লাগে না।

**Low Running Cost:** এখানে টিকিট তৈরি করা /বিক্রী করা এবং স্ক্যানিং পদ্ধতি চালু রাখার খরচ অন্যান্য কম্পানির তুলনায় অনেক কম।

**No Hidden Charge:** যেকোনো পরিষেবা নেওয়ার জন্য যে খরচের কথা উল্লেখ আছে তার বাইরে কোন রকম খরচ নেওয়া হয় না।

**Ticket Scan with Mobile Phone**: স্মার্ট ফোনের সাহাজ্যেই সমস্ত টিকিট স্ক্যান করা যায়। আলাদা কোন যন্ত্র কেনার প্রয়োজন নেই।

## সহায়তা

**Guide in PDF and Video:** টিকিট লাইন কিভাবে ব্যাবহার করতে হবে তার গাইড বাংলা ও ইংরাজিতে লিখিত আকারে ও ভিডিও আকারে আছে।

**8am to 10pm Customer Service in Bengali and English:** টিকিট লাইন  ব্যাবহার করতে গিয়ে কোন সমস্যা হলে বা সাহায্যের প্রয়োজন হলে সকাল ৮ টা থেকে রাত্রি ১০ টা পর্জন্ত যে কোন সময় বাংলা ও ইংরেজি ভাষায় ফোনে সাহাজ্য পাওয়া যায়।

**Email & Whatsapp 24x7**: ইমেল ও হয়াটসআপে কাস্টমার সার্ভিস পাওয়া যেতে পারে যেকোনো দিন যেকোনো সময়।

এতক্ষণ পর্জন্ত যে বিষয় গুলি আলোচনা করা হল তা যদি কিছুটা হলেও আপনার ভাল লাগে এটি আপনার অন্তত একটি প্রয়োজন পূরণ করতে সক্ষম হয় তাহলে একবার পরীক্ষা করে দেখতে পারেন।


টিকিট লাইন (https://ticketline.in) ব্যাবহার করে কি ভাবে কিউআর টিকিট চালু করবেন সে সম্বন্ধে আলোচনা করা হবে পরবর্তি অনুচ্ছেদে।

# Chapter 4: টিকিট লাইন (https://ticketline.in) এর ব্যাবহার বিধি (User Guide)

টিকিট লাইন একটি ভারতীয় সংস্থা যারা এই QR টিকিটের সুবিধা দেয়। এখানে একই প্ল্যাটফর্ম ব্যবহার করে অনলাইন ও অফলাইন QR টিকিট তৈরি ও বিক্রি করা যায়। তাছারাও এখানে রয়েছে একটি মেম্বারশিপ পোর্টাল, যার মাধ্যমে কোনও সংস্থা তার সদস্যদের সদস্যপদ সংক্রান্ত কাজকর্ম পরিচালনা করা ও কিউআর কোড যুক্ত সদস্য কার্ড প্রদান করতে পারে। বিস্তারিত পদ্ধতি নিচে আলোচনা করা হল।

টিকিট লাইন ব্যবহার করতে হলে প্রথমেই যে কাজটি করতে হবে তা হল Account Registration.

## 1. Account Registration & Login:





https://ticketline.in/login/register.php - এ গিয়ে একটি প্রতিষ্ঠানিক এক্যাউন্ট তৈরি করতে হবে।

এরপর https://ticketline.in/login/ - এ ইমেল আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করতে হবে।

লগইন করার পর এরকম একটি পেজ দেখতে পাওয়া যাবে।

(বিঃ দ্রঃ- ticketline.in ওয়েবসাইটের হোম পেজের বাদিকের উপরের কোনায় লগিন ও রেজিস্ট্রেশন লিঙ্ক দেওয়া আছে)। লগিন করার পর আলাদা ভাবে  অফলাইন ও অনলাইন টিকিট রেজিস্ট্রেশান করতে হবে।

## 2. TIcket Registration:



Add/Edit/Delete Offline Tickets

Details of the concerned ticket

Ticket Name*:

Ticket Type:

Single Day (Single Entry any one day winthin valid period)/

Season (Single Entry per day within valid period).

Validity Date Starts on :

Validity Date Ends on :

Rate of the ticket in Rupees (per head)*:


Save

* indicates required fields. Back to ticketlist List

"Add Offline Ticket"/"Add Online Ticket" বোতামে ক্লিক করুন। ও এই ফর্ম টি ফিলাপ করুন।

এক্ষেত্রে টিকিটের নাম, ধরন ও দাম অবশ্যই দিতে হবে। এগুলি টিকিটের গায়ে প্রিন্ট হবে।

নাম দরকার টিকিট গুলি আলাদাভাবে চিনে নেবার জন্য। টিকিটের ধরনের উপর নির্ভর করবে টিকিটটি নিয়ে কোনো ব্যক্তি একদিনই প্রবেশ করতে পারবে(single day ticket) না কি একাধিক দিন (season ticket)। সিজন টিকিটের ক্ষেত্রে অবশ্যই শুরু ও শেষের তারিখ উল্লেখ করতে হবে। একবার ব্যাবহার যোগ্য টিকিটের ক্ষেত্রেও টিকিট ব্যবহারের সময়সীমা থাকলে তা উল্লেখ করতে হবে। এই টিকিটে মাথা পিছু প্রবেশ মূল্যের "Rate..._" এর জায়গায় উল্লেখ করতে হবে। টিকিটটি ফ্রি পাস হিসাবে ব্যবহার করলে এক্ষেত্রে 0 লেখা যেতে পারে। এরপর "Save" বোতামে ক্লিক করলে তথ্য গুলি সেভ হবে এরকম একটি টেবিল দেখতে পাওয়া যাবে।



Offline Ticket List

Pending for approval tickets :


| Ticket Name | ID | Type | Start Date | End Date | Rate | Background Img. | A 1 |
|---|---|---|---|---|---|---|---|
| Season ticket test 1 | 44 | Season | 2023-08-05 | 2023-08-12 | 100 | Upload/Change | Edit |

Add New Ticket

Approved Running tickets :

Sorry, no data found in our database, in this category.

টেবিল টির কিছুটা অংশ ঢাকা থাকতে পারে। পাশের দিকে স্ক্রল করলে বাকি অংশ দেখতে পাওয়া যাবে। যেমন এই ছবিটি।





## 3. Approval of Ticket:

এটি এখন দেখাচ্ছে "Pending for approval" অর্থাৎ এটি ticket line এর পক্ষ থেকে অনুমোদনের প্রয়োজন আছে। সবকিছু ঠিক থাকলে সাধারণত ২৪ঘন্টার মধ্যে অনুমোদন হয়ে যায়। প্রয়োজনে টিকিট লাইনে ফোন করতে পারেন। অনুমোদনের আগে পর্যন্ত যতবার প্রয়োজন টিকিটের তথ্য এডিট ও সেভ করা যায়। এছাড়া আরো কিছু কাজ এখন করাযায় যেমন: ১. Upload/change background image; এই আইডি র সমস্ত টিকিটে কোনো অপরিবর্তনীয় ছবি বা লেখা প্রিন্ট করার প্রয়োজন হলে এখানে যোগ করা যায়। ২. Ticket preview; টিকিট গুলি প্রিন্ট করলে কেমন লাগবে সেটি দেখা যায়। ৩. Test Demo; টিকিট টির প্রিভিউ দেখা যাবে সঙ্গে দেখা যাবে এটি টিকিট স্ক্যানারে কিভাবে কাজ করবে সেটিও। (বি: দ্রঃ - টিকিট স্ক্যানার এ ডেমো টিকিটের সাথে প্রকৃত টিকিটের আচরণের কিছু তফাত আছে যার দ্বারা এগুলি প্রকৃত টিকিট থেকে আলাদা করা যায়। টিকিট লাইন ডেমো টিকিট নিয়ে কোনো ব্যক্তিকে প্রবেশের অনুমতি দেয় না।)


## 4. Generation Print and selling of Offline Tickets :

টিকিট লাইন দ্বারা টিকিট টি অনুমোদিত হলে "Approved Ticket" এর তালিকায় টিকিটের নামটি দেখা যাবে। (Login > "Registered offline tickets" থেকে "approved running") যেমন এই টেবিলটি।




এই অবস্থায় টিকিটের তথ্য গুলি আর এডিট করা যাবে না কিন্তু প্রয়োজন হলে background upload/change, Ticket Preview, Test Demo পাওয়া যাবে। নতুন একটি বোতাম যুক্ত হয়েছে "Generate & Download". এর সাহায্যেই বিক্রির উপযোগী টিকিট ডাউনলোড সম্ভব। এখানে ক্লিক করলে এই পেজটি খুলবে।

এই আইডির কয়টি টিকিট এপর্যন্ত তৈরি করা হয়েছে তা এখানে দেখা যাবে। নতুন ভাবে যে টিকিতগুলি প্রিন্ট করা হবে তাতে প্রতি টিকিটে কত জন ব্যক্তির প্রবেশাধিকার থাকবে এবং মোট কত টিকিট প্রিন্ট করতে হবে উল্লেখ করে "Download" বোতামে ক্লিক করলে, টিকিট তৈরি হয়ে একটি পিডিএফ(PDF) ফাইল ডাউনলোড হয়ে যাবে।




(বি:দ্র:- একটি টিকিটে সর্বাধিক ৯ জনের প্রবেশাধিকার দেওয়া যায়। একটি পিডিএফ ফাইলে

অর্থাৎ একবারে/এক ক্লিকে সর্বাধিক ১00 টি টিকিট ডাউনলোড করা যায়। )

প্রতিবার ডাউনলোড বোতামে ক্লিক করার সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট টিকিট আইডির সাথে নতুন সিরিয়াল নম্বর যুক্ত হয়ে টিকিট তৈরি হবে ও ডাউনলোড হবে।

টিকিটের পিডিএফ ফাইল গুলি কম্পিউটার বা মোবাইলের ডাউনলোড ফোল্ডারে জমা হবে। এগুলি কাগজে প্রিন্ট করে নিলেই অফলাইন QR টিকিট , বিক্রির জন্য রেডি হয়ে যাবে।

(বি:দ্রঃ - টিকিট প্রিন্ট করার সময় "multiple page per sheet " হিসাবে প্রিন্ট করা যেতে পারে। এতে কাগজের অপচয় কম হবে, কম সময়ে বেশি টিকিট সুবিধা জনক আকারে প্রিন্ট করে যাবে। তবে প্রিন্ট নেওয়ার আগে প্রিন্ট প্রিভিউ দেখে নেওয়া বাঞ্ছনীয়।)

5. Selling of Online Tickets:

অনলাইন টিকিট রেজিস্ট্রেশন করার ঠিক পরেই এই টিকিটের জন্য একটি আইডি তৈরি হবে এবং এই আইডি যুক্ত একটি লিঙ্ক ও পাওয়া যাবে। এই লিঙ্কটি সোশ্যাল মিডিয়া এবং অন্যান্য জায়গায় শেয়ার করা যেতে পারে। টিকিট লাইন দ্বারা টিকিটের অনুমোদনের পরে, ক্রেতারা পোর্টাল থেকে (https://ticketline.in/buy/ পেজ থেকে) টিকিটটি খুজে নিয়ে কিনতে পারেন।

সফলভাবে অর্থ প্রদানের পরে, এই আইডির সাথে একটি নতুন সিরিয়াল নম্বর যুক্ত হয়ে একটি নতুন টিকিট তৈরি হবে। টিকিটটি পিডিএফ ফাইল আকারে ডাউনলোড করা যাবে। এতে একটি QR কোড এবং প্রয়োজনীয় বিবরণ ইংরেজিতে থাকবে। একটি টিকিট ডাউনলোড লিঙ্ক টিকিট লাইনের মাধ্যমে ক্রেতাকে ই-মেইল করা হবে। টিকিট ক্রেতাকে টিকিটের কোনো প্রিন্ট সংস্করণ সরবরাহ করা হবে না, তবে ক্রেতা নিজেই এটি করতে পারেন।

টিকিটলাইন দ্বারা বিক্রি হওয়া টিকিটের মূল্য টিকিটলাইনের অ্যাকাউন্টে জমা হবে। ইভেন্ট শেষ হওয়ার পরে/টিকিট ব্যবহার করার 7-15 দিনের মধ্যে, নির্দিস্ট পরিমান কমিশন কাটার পর, টিকিটলাইন দ্বারা আয়োজক/সংস্থার ব্যাঙ্ক আকাউন্ট-এ স্থানান্তরিত করা হবে।

## 6. Membership Portal

সদস্যদের তথ্য সংগ্রহ এবং/সম্পাদনা করতে, শুধুমাত্র পোর্টালে উপলব্ধ ফর্ম ব্যবহার করা যেতে পারে। সদস্যপদ ফর্মের মাধ্যমে আবেদন করার পরে, আবেদনটি অবশ্যই সংশ্লিষ্ট সংস্থা দ্বারা অনুমোদিত হতে হবে; অন্যথায় এটি সদস্য তালিকায় উপস্থিত হবে না।

**সদস্যতা ফি**: সংশ্লিষ্ট সংস্থার দ্বারা নির্ধারিত সদস্যতা ফি অনলাইন মোডে সদস্যদের কাছ থেকে সংগ্রহ করা যেতে পারে। আমাদের কমিশন কেটে নেওয়ার পর সংগৃহীত সদস্য ফি সংশ্লিষ্ট সংস্থার কাছে হস্তান্তর করা হবে।

**সদস্যতা কার্ড:** সংস্থাগুলি তাদের সদস্যদের জন্য QR কোড সহ সদস্যতা কার্ড ডিজাইন এবং তৈরি করতে পারে। এই কার্ডগুলি টিকিট স্ক্যানার দিয়ে স্ক্যান করা যেতে পারে।

## 7. Scanning of the tickets

টিকিট স্ক্যান করতে; প্রয়োজনীয় সফ্টওয়্যার (টিকিট স্ক্যানার) টিকেটলাইন দ্বারা সরবরাহ করা হবে। তবে প্রয়োজনীয় স্মার্টফোন, কর্মচারী, ডেটা/ওয়াইফাই সংযোগ এবং অন্য কোনো ডিভাইস (যদি প্রয়োজন হয়) আয়োজক/সংস্থার দ্বারা ব্যবস্থা করতে হবে।

লিং-এ ক্লিক/টেপ করলে আপনার ডিভাইসের ডিফল্ট ইন্টারনেট এক্সপ্লোরার খুলবে। এটি ক্যামেরা ব্যবহারের অনুমতি চাইতে পারে, আপনাকে এটি সঠিকভাবে কাজ করার অনুমতি দিতে হবে। (আপনি আপনার ডিভাইসের হোম স্ক্রিনে উইন্ডোটির একটি শর্টকাট তৈরি করতে পারেন

যাতে এটি একটি অ্যাপের মতো কাজ করে।) এটি ক্যামেরা খুলবে, যদি এই ওয়েবসাইট থেকে জেনারেট করা একটি QR টিকিটের একটি QR কোড ক্যামেরার সামনে রাখা হয়। , এটি স্বয়ংক্রিয়ভাবে ডেটা বের করবে এবং ডেটা সার্ভারে প্রেরণ করবে। সার্ভারে তথ্যটি টিকিটের সত্যতা এবং বৈধতার জন্য পরীক্ষা করা হবে, যদি সবকিছু ঠিকঠাক পাওয়া যায় তবে সার্ভারের ডেটা আপডেট করা হবে কারণ টিকিট একই সময়ে ব্যবহার করা হয়েছে অনুমোদিত ব্যক্তির সংখ্যা সহ একটি বড় সবুজ টিক চিহ্ন উপস্থাপন করা হবে। স্ক্যানিং ডিভাইসের স্ক্রিনে। যদি কিছু ভুল পাওয়া যায় তবে একটি বড় লাল ক্রস চিহ্ন স্ক্যানিং ডিভাইসের স্ক্রিনে উপস্থাপন করা হবে। এটি সংক্ষেপে এর পিছনে কারণও নির্দেশ করবে।

আপনার সাংগঠনিক প্রোফাইলে লগইন করার পরে আপনি একটি "টিকিট যাচাইকরণ লিঙ্ক" খুঁজে পেতে পারেন। আপনি আপনার কর্মচারী/নিরাপত্তার সাথে লিঙ্কটি সম্পাদনা, অনুলিপি এবং ভাগ করতে পারেন।